

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-৩২.০০.০০০০.০১৮.১১.০২৩.০৮(অংশ-১)-৬৫৯

তারিখ : ২৪ নভেম্বর ২০১৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৪ নভেম্বর, ২০১৬ তারিখের জারীকৃত ৮০.০০.০০০০.০১১.০১২.০৫.২০১৬-২২৮ সংখ্যক স্মারকের সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত সাঁটমুদ্রাঙ্করিক - কাম- কম্পিউটার অপারেটর- কে অস্থায়ী ভিত্তিতে বর্ণিত শর্তে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ টাকার বেতনক্রমে (গ্রেড-১০) ব্যক্তিগত কর্মকর্তা (২য় শ্রেণী) পদে পদোন্নতি প্রদান করা হলো :

নং	নাম ও পদবী	পদোন্নতি প্রাপ্ত পদের নাম
১.	বেগম আনজুমান আরা সাঁটমুদ্রাঙ্করিক- কাম-কম্পিউটার অপারেটর	ব্যক্তিগত কর্মকর্তা

শর্তাবলী :

- পদোন্নতির তারিখ থেকে ১(এক) বছর শিক্ষানবিসি কাল হিসেবে গন্য হবে ;
- শিক্ষানবিসিকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে বিধি মোতাবেক তাঁকে পদোন্নতিপ্রাপ্ত পদে স্থায়ী করা হবে ;
- শিক্ষানবিসিকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ছাড়াই পূর্ব পদে প্রত্যাবর্তন করানো যাবে; এবং
- তাঁকে পদোন্নতিপ্রাপ্ত পদে স্থায়ী করা হবে না, যে পর্যন্ত তিনি সরকার কর্তৃক সময় সময় নির্দেশিত প্রশিক্ষণ গ্রহণ করেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে




(আবদুল জলিল)
সহকারী সচিব
৯৫৪০১০৬

নং-৩২.০০.০০০০.০১৮.১১.০২৩.০৮(অংশ-১)-৬৫৯

তারিখ : ২৪ নভেম্বর ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা { দৃঃ আঃ- যুগ্ম-সচিব(নিরাপত্তা-২) পদবী পরিবর্তনপূর্বক নতুন প্রবেশ পত্র ইস্যুর অনুরোধসহ }
- ০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা (তাঁর ২৪ নভেম্বর, ২০১৬ তারিখের ৮০.০০.০০০০.০১১.০১২.০৫.২০১৬-২২৮ সংখ্যক স্মারকের বরাতে)।
- ০৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী বাংলাদেশ গেজেটে প্রকাশপূর্বক অত্র মন্ত্রণালয়ে ২০ (বিশ) কপি প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ০৫। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৮। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। বেগম আনজুমান আরা, সাঁটমুদ্রাঙ্করিক - কাম - কম্পিউটার অপারেটর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। ব্যক্তিগত নথি।


২৪/১১/১৬
(আবদুল জলিল)
সহকারী সচিব